



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৭ জুলাই ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

৬ শিক্ষার্থীর প্রাণহানি, ছাত্রীদের ওপর বর্বরোচিত হামলা ও স্বৈরশাসক এরশাদীয় কায়দায় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ঘটনায় উদ্বেগ প্রকাশ

চলমান কোটা সংস্কার দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশ ও ক্ষমতাসীন দলের অঙ্গ সংগঠনের সহিংস আক্রমণে ৬ শিক্ষার্থীর প্রাণহানি ও ছাত্রীসহ শতাধিক গুরুতর জখম হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ জানিয়েছে ইউপিডিএফ।

পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলনরত আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত খীসা আজ বুধবার (১৭ জুলাই ২০২৪) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে কোটা সংস্কার দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশ ও ক্ষমতাসীন দলের অঙ্গ সংগঠন ছাত্রলীগ-যুবলীগের যৌথ হামলায় ৬ শিক্ষার্থীর প্রাণহানি, ছাত্রীসহ কয়েক শত শিক্ষার্থী গুরুতর জখম হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা জানিয়েছেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দিয়ে আন্দোলন দমনের পদক্ষেপকে স্বৈরাচারী এরশাদীয় কৌশল, যা বর্তমানে অকার্যকর বলেও মন্তব্য করেন এবং অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের নির্দেশনা প্রত্যাহারের দাবি জানান।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা উদ্ভূত পরিস্থিতি নিরসনের লক্ষ্যে আন্দোলনরত শিক্ষার্থীদের নেতৃস্থানীয় প্রতিনিধিদের সাথে সংলাপের উদ্যোগ নিতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)